

২০২৩-২০২৪ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত জেলা “নৈতিকতা কমিটির” ১ম  
ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ডাঃ মাসুম ইফতেখার,  
সিভিল সার্জন, নোয়াখালী

সভার স্থান : সিভিল সার্জনের কার্যালয় নোয়াখালীর সম্মেলন কক্ষ  
সভার তারিখ : ২৪/০৯/২০২৩খ্রি. সময় : সকাল ১০.০০ ঘটিকা।  
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট ‘ক’

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। এরপর কমিটির সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। এরপর সভায় সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা করেন। আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নের নিমিত্তে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে উপজেলা পর্যায়ে সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।	১। উপজেলায় নৈতিকতা কমিটির সভা আহ্বানের বিষয়ে উপজেলা স্বাস্থ্য পঃপঃ কর্মকর্তাগণ সভা আহ্বান করবেন এবং কার্যবিবরণী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করবেন।	উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, ফোকাল পয়েন্ট কর্মকর্তা
০২	দক্ষতা ও নৈতিকতা উন্নয়নের লক্ষ্যে এ অর্থবছরে প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়।	১। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনে প্রয়োজনীয় অর্থ সংস্থান করা হবে।	সিভিল সার্জন নোয়াখালী
০৩	আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়াল ও প্রজ্ঞাপন এবং পরিপত্র অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়।	১। আইন/বিধি/নীতিমালা/ ম্যানুয়াল ও প্রজ্ঞাপন এবং পরিপত্র অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন শতভাগ নিশ্চিত করতে হবে।	সিভিল সার্জন নোয়াখালী
০৪	স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিতভাবে বায়োমেট্রিক হাজিরা সহ সার্বিক কার্যক্রম মনিটরিংয়ের বিষয়ে আলোচনা করা হয়।	১। জেলা পর্যায়ে হতে নিয়মিতভাবে বায়োমেট্রিক হাজিরা মনিটরিং করা হবে। ২। শতভাগ হাজিরা নিশ্চিত করতে হবে।	সিভিল সার্জন ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ
০৫	সেবা সহজিকরণের বিষয়ে আলোচনায় জানানো হয় সেবা সহজিকরণের লক্ষ্যে হাসপাতালগুলোতে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।	১। সিটিজেন চার্টারের উল্লেখিত প্রতিশ্রুতি মোতাবেক সেবা নিশ্চিত করতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল
০৬	অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে আলোচনান্তে অভিযোগ প্রাপ্তি ও নিষ্পত্তি সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	১। কোন অভিযোগ পাওয়া গেছে তা দ্রুত নিষ্পত্তি করতে হবে। ২। প্রতিষ্ঠান প্রধানগণ কোন বিষয়ে নিষ্পত্তি করতে না পারলে সে ক্ষেত্রে উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানাতে হবে।	সিভিল সার্জন, উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ডাঃ মাসুম ইফতেখার)  
সিভিল সার্জন, নোয়াখালী।  
ফোন : ০৩২১-৬১০৬৮

ই-মেইল : noakhali@cs.dghs.gov.bd

স্মারক নং-সিএসএন/প্রশা-১/শুদ্ধাচার/নৈতিকতা কমিটির সভা/২০২৩-২৪/

তারিখ : ২৪/০৯/২০২৩খ্রি.

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। [দৃষ্টি আকর্ষন-সহকারী পরিচালক (সমন্বয়)]
- ২। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩। জেলা প্রশাসক, নোয়াখালী।
- ৪। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা... (সকল), নোয়াখালী।
- ৫। মেডিকেল অফিসার (এমওসিএস), সিভিল সার্জন অফিস, নোয়াখালী।
- ৬। মেডিকেল অফিসার (ডিআরএস), সিভিল সার্জন অফিস, নোয়াখালী।
- ৭। সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার, সিভিল সার্জন অফিস, নোয়াখালী।
- ৮। প্রধান সহকারী, সিভিল সার্জন অফিস, নোয়াখালী।
- ৯। অফিস নথি

(ডাঃ মাসুম ইফতেখার)  
সিভিল সার্জন, নোয়াখালী।